দৈনিক জনকণ্ঠ

22 OCT 2016

# ঢাবির স্মরণিকায় ইতিহাস বিকৃতি তদন্তে কোন অগ্রগতি নেই

অনুষদের ডিন অধ্যাপক এএসএম মাকসুদ কামাল, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক নাজমা শাহীন, সিনেট সদস্য বাহালুল মজনুন চুন্নু এবং বিশ্ববিদ্যালয়ের আইনজীবী এএফএম মেজবাহ উদ্দিন। তদন্তে অগ্রগতির বিষয়ে জানতে চাইলে কমিটির প্রধান, অধ্যাপক কামালউদ্দীন দৈনিক জনকণ্ঠকে

## জড়িতদের শাস্তি চেয়েছে ছাত্রলীগ

বলেন, আমরা ইতোমধ্যে একটি মিটিংয়ে বসেছি এবং ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট বেশ তথ্য-উপাত্ত সংগ্রহ করেছি। অনেক তথ্য সহজে মেলে না বলে আমাদের তদন্তে একটু বিলম্ব হচ্ছে। চলতি মাসের মধ্যে আবার মিটিংয়ে বসে করণীয় নির্ধারণ করব। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি আবিদ আল হাসান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ওপর আমাদের পূর্ণ আস্থা আছে। যারা ইতিহাস বিকৃতির ঘটনার সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে দ্রুত শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার দাবি জানাচ্ছি।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, তদন্ত চলছে, তদন্ত থেমে নেই। পুরো ঘটনার সঙ্গে কারা জড়িত, কিভাবে জড়িত আমরা সিরিয়াসলি দেখছি। ইতিহাস বিকৃতির ঘটনায় যারা জড়িত কেউ রেহাই পাবে না।

জানা গেছে, অব্যাহতি পাওয়ার পর সৈয়দ রেজাউর রহমান তার আগের টিএসসির ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরে যোগ দিয়ে বর্তমানে ছুটিতে আছেন। বিএনপি-জামায়াতের আমলে উপাচার্য পদে নিয়োগ পাওয়া অধ্যাপক এসএমএ ফায়েজের সময়ে ২০০৭ সালে ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের পদে নিয়োগ পান।